



যুক্তরাষ্ট্রের দ্বিমুখী অবস্থানেই আলোচনায় অচলাবস্থা: ইরানের প্রেসিডেন্ট



ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

ইরান-যুক্তরাষ্ট্র সংলাপের পথে তিন বড় বাধার কথা তুলে ধরে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে পোস্ট দিয়েছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। বুধবার (২২ এপ্রিল) দেওয়া পোস্টে তিনি বলেন, ইরান সবসময় আলোচনা ও সমঝোতার পক্ষে এবং এই প্রক্রিয়া চালিয়ে যেতে আগ্রহী। তবে প্রতিশ্রুতি ভঙ্গ, নিষেধাজ্ঞা এবং হুমকির পরিবেশ—এই তিনটি বিষয়কে তিনি অর্থবহ আলোচনার প্রধান অন্তরায় হিসেবে উল্লেখ করেন।

যুক্তরাষ্ট্রকে ইঙ্গিত করে তিনি আরও বলেন, তাদের কথাবার্তা ও বাস্তব পদক্ষেপের মধ্যে যে অসঙ্গতি রয়েছে, তা এখন বিশ্ববাসীর কাছে স্পষ্ট। এদিকে আলাদা এক পোস্টে ইরানের পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাব ফ বলেন, নৌ-অবরোধের মাধ্যমে বৈশ্বিক অর্থনীতিকে চাপে রাখা এবং ইসরায়েলের বিভিন্ন ফ্রন্টে আগ্রাসী অবস্থান অব্যাহত থাকলে যুদ্ধবিরতির বাস্তবতা প্রশ্নবিদ্ধ হয়ে পড়ে।

তিনি আরও বলেন, এমন পরিস্থিতিতে যুদ্ধবিরতি বারবার লক্ষ্য হলে হরমুজ প্রণালি পুনরায় চালু করা সম্ভব নয়।